

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

স্মারক নং: বাকাশিবো/ক(ডিপ)/২০১৬/৬১৬১

তারিখঃ ০২ জুলাই, ১৪২৩ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০১৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি


বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ৩য় পর্বে অধ্যয়নরত বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের ৩১-০৮-২০১৬ তারিখের মধ্যে ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশসহ বদলীতে ভর্তির জন্য আবেদিত প্রতিষ্ঠানের অধ্যক্ষের মাধ্যমে পরিচালক (কারিকুলাম) বরাবরে বদলির সাধারণ নীতিমালা অনুসরণপূর্বক নির্ধারিত ছকে আবেদন করার জন্য জানানো হলো। সরকারি প্রতিষ্ঠানসমূহের আবেদনপত্র কারিগরি শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত এবং অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।

নির্ধারিত ছক

ক্রঃ নং	শিক্ষার্থীর নাম	টেকনোলজি	বোল নম্বর	পর্ব	শিফট	রেজিস্ট্রেশন নম্বর	সেশন	মোট আসন সংখ্যা	বিদ্যমান শিক্ষার্থী সংখ্যা	শুণ্য আসন সংখ্যা	পূর্ববর্তী পর্বের জিপিএ	ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও কোড	গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম ও কোড

বদলির সাধারণ নীতিমালাঃ

- শিক্ষার্থী বদলির ক্ষেত্রে টেকনোলজি ও প্রতিষ্ঠানের মিল থাকতে হবে।
- কোন অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলি হতে পারবে না।
- কেবল মাত্র ৩য় পর্বের শিক্ষার্থী পর্বের শুরুতে নির্ধারিত তারিখের মধ্যে বদলির আবেদন করতে পারবে।
- সরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র সরকারি প্রতিষ্ঠানে এবং বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলি হওয়ার সুযোগ পাবে।
- ১ম শিফটের শিক্ষার্থী ১ম শিফটে এবং ২য় শিফটের শিক্ষার্থী ২য় শিফটে বদলি হওয়ার সুযোগ পাবে।
- বদলি হতে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে অভিভাবকের প্রতিশ্রুতিরসহ ছাড়পত্র প্রদানকারী ও গ্রহণকারী প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশসহ আবেদন করতে হবে।
- বদলীতে ভর্তি গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধান আসন খালি থাকা সাপেক্ষে সুপারিশ করতে পারবেন। গ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে তাঁর প্রতিষ্ঠানে ভর্তিযোগ্য আবেদনগুলো নির্ধারিত ছকে একসাথে বোর্ডে প্রেরণ করতে হবে।
- আবেদনপত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি, যে পর্বে বদলি হতে ইচ্ছুক তার পূর্ববর্তী পর্বের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি, পূর্ববর্তী পর্ব/পর্বসমূহের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং বদলির জন্য জনপ্রতি ৩২৫/- (তিনশত পঁচিশ) টাকা হারে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে নির্ধারিত ব্যাংকে জমা প্রদানের রশিদ সংযুক্ত করতে হবে।
- শিক্ষার্থীর সংখ্যা ০৫ জনের বেশী হলে সফটকপি ওয়ার্ড ফাইলে (সিডি) করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ আক্তারউজ্জামান)
পরিচালক (কারিকুলাম)

স্মারক নং-বাকাশিবো/ক(ডিপ্লোমা)/২০১৬/৬১৬১(৪০৭)

তারিখঃ ১৭/০৮/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

- ১। মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। উপ-সচিব(রেজিস্ট্রেশন) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। ৪০৫। অধ্যক্ষ.....।
- ৪০৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪০৭। নথি।


(মোঃ মোস্তাফিজুর রহমান খান)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ফোনঃ ৯১২৫৩৬৫
ইমেইলঃ bteb.dip@gmail.com